

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ০৭.০৩.২০২৩

**ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উপলক্ষ্যে
'ঐতিহাসিক ৭ই মার্চ : তাৎপর্য ও প্রাসঙ্গিকতা' শীর্ষক সম্মেলন ও আলোচনা সভা**

বাংলাদেশ জাতীয় জাদুঘর জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস পালন উপলক্ষ্যে 'ঐতিহাসিক ৭ই মার্চ : তাৎপর্য ও প্রাসঙ্গিকতা' শীর্ষক সম্মেলন ও আলোচনা সভা আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মোঃ কামরুজ্জামান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংরক্ষণ রসায়নবিদ জনাব দিবাকর সিকদার। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের কীপার ড. শিহাব শাহরিয়ার। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব জনাব গাজী মোঃ ওয়ালি-উল-হক।

উল্লিখিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রচার/প্রকাশ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশ জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/বার্তা পরিচালক

ঢাকা